অধ্যক্ষের কার্যালয়
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী
www.ngdc-raj.ac.bd
E-mail: ngdcrajbd@yahoo.com
ফোন: +8802588850630

স্মারক নং- ২১৭ তারিখ: ০৮/১০/২০২৩ খ্রি:

# ১ম বর্ষ ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা-২০২২ এর ফরম পূরণের বিজ্ঞপ্তি

এ কলেজের ২০২২ সালের ১ম বর্ষ ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্সের সকল শিক্ষার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১ম বর্ষ ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা-২০২২ এর ফরম পূরণ নিম্নে উল্লিখিত তারিখ ও সময় অনুযায়ী অনুষ্ঠিত হবে। উক্ত সময় ও তারিখের মধ্যে উপস্থিত থেকে প্রয়োজনীয় কাগজপত্র সহ ফরম পূরণের কাজ সম্পন্ন করার জন্য সকলকে নির্দেশ দেয়া হলো। **ফরম পূরণের পূর্বে জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজের যাবতীয় পাওনা রকেট মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে পরিশোধ করতে হবে।**

**ডাউনলোডকৃত ফরম প্রয়োজনীয় ডকুমেন্টসহ জমাদানের সময়সূচি:**

| বর্ষ | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|
| ১ম বর্ষ | ০৮/১০/২০২৩ খ্রি: হতে ১৯/১০/২০২৩ খ্রি: পর্যন্ত | সকাল ১০:০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত | কলেজ অডিটোরিয়াম |

১। **ফি সমূহ:**

**ক) নিয়মিত/অনিয়মিত(পূর্বে ফরম পূরণ না করলে)/প্রাইভেট (৭পত্র)ঃ** পরীক্ষার ফি- ৮০০/- + কেন্দ্র ফি- ৪৫০/- + ব্যবস্থাপনা ফি- ৫০/- + আইসিটি ফি- ২০/- + ইনকোর্স ফি- ২০০/- + অনলাইন চার্জ- ১৫/- টাকা = ১৫৩৫(যা রকেটে প্রদান করতে হবে)।

**খ) সার্টিফিকেট কোর্স:** পরীক্ষার ফি- ৩০০/- + কেন্দ্র ফি- ৪৫০/- + ব্যবস্থাপনা ফি- ৫০/- + আইসিটি ফি- ২০/- + ইনকোর্স ফি- ২০০/- + অনলাইন চার্জ- ১৫/- = ১০৩৫/- টাকা (যা রকেটে প্রদান করতে হবে)।

**গ) অনিয়মিত(পূর্বে ফরম পূরণ করলে)/মানোন্নয়ন ফি (একপত্র):** বিশেষ অধিভূক্তি ফি- ৩০০/- + প্রতিপত্র- ১০০/- + কেন্দ্র ফি- ৪৫০/- + ব্যবস্থাপনা ও আইসিটি ফি-৭০/- + অনলাইন চার্জ- ১৫/- = ৯৩৫/- টাকা (যা রকেটে প্রদান করতে হবে)।

- এক পত্রের অধিক মানোন্নয়ন পরীক্ষার্থীকে ১(গ)-এ উল্লিখিত অর্থাৎ ৯৩৫/- টাকা ফি-এর সঙ্গে পত্র প্রতি ১০০ টাকা যোগ করতে হবে।
- যে সকল অনিয়মিত/মানোন্নয়ন পরীক্ষার্থী পূর্বে ইনকোর্স পরীক্ষার ফি প্রদান করেনি তাদের উক্ত ফি অর্থাৎ ৯৩৫/- টাকা এর সাথে আরো ২০০/- টাকা জমা দিতে হবে।

২। **অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য):**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/degree-pass) এ গিয়ে Apply to online form Fillup (For Student)- এ লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে।

খ) ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে দুইটি অংশ থাকবে। উভয় অংশে অধ্যক্ষ স্বাক্ষর করার পর উপরের অংশ পরীক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেদনকারীকে নিজ দায়িত্বে স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে অবশ্যই জমা দিতে হবে।

অধ্যক্ষের কার্যালয়
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী
www.ngdc-raj.ac.bd
E-mail: ngdcrajbd@yahoo.com
ফোন: +8802588850630

৩) ফিস প্রদানের নিয়মাবলী:

যাবতীয় ফিসের টাকা Online-এর **রকেট মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে** জমা দিতে হবে।

**রকেট পেমেন্টের নিয়ম**

১। রকেট অ্যাপস এ লগইন করতে হবে।
২। বিল পে অপশনে ক্লিক করতে হবে।
৩। সার্চ অপশনে বিলার আইডি/কলেজের নাম টাইপ করতে হবে। New Govt. Degree College এর বিলার আইডি 244
৪। বিল নং/রেফারেন্স নং এর স্থলে শিক্ষার্থীর রেজি. নং সঠিকভাবে টাইপ করতে হবে।
৫। টাকার পরিমান উল্লেখ করতে হবে।
৬। অন্যের একাউন্ট থেকে পেমেন্টের ক্ষেত্রে Other's Option এ মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৭। পিন নম্বর দিয়ে সাবমিট করতে হবে।
৮। এস.এম.এস সংরক্ষণ করতে হবে।

**কমিটির স্যারদের নিকট জমা দিতে হবে:**

১। অনলাইনে পূরণকৃত ফরম ডাউনলোড করে তার ০১ কপি জমা দিতে হবে।
২। কলেজ ওয়েবসাইট থেকে পে স্লিপ ডাউনলোড করে ০১ কপি জমা দিতে হবে।

৪) পে স্লিপ ডাউনলোডের নিয়মাবলী:

১। https://ngdc.ac.bd/ ঠিকানায় প্রবেশ করতে হবে।
২। Go Website-এ ক্লিক করতে হবে।
৩। Form Fillup অপসনে ক্লিক করে Degree 1st Year Form Fill Up অপসনে ক্লিক করতে হবে।
৪। Click Here এ ক্লিক করে রেজিস্ট্রেশন নাম্বার ও Degree 1st Year Form Fill Up অপসন সিলেক্ট করে প্রয়োজনীয় তথ্য এবং ট্রানজেকশন নম্বর দিয়ে পে স্লিপ ডাউনলোড করতে হবে।

**বিশেষ দ্রষ্টব্য:** অতি সাবধানতার সাথে রকেটের টাকা পেমেন্ট করার জন্য বলা হলো। নির্ধারিত পরিমাণ টাকা জমা দেয়া না হলে এবং পূরণকৃত আবেদন ফরম অফিসের নিকট জমা না দিলে ফরম পূরণ নিশ্চিত হবে না এবং প্রবেশপত্রের ব্যাপারে কোন জটিলতা দেখা দিলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবেন না।

০৪/১০/২০২৩

প্রফেসর কালাচাঁদ শীল-৭৭০৩
অধ্যক্ষ
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী

০৪/১০/২০২৩

মোঃ জুবাইদুর রহমান আল গালিব-০১২৯৫৫
আহ্বায়ক
ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা কমিটি -২০২২
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী